

মহান সেবকদের অশেষ শ্রদ্ধা ও কৃতজ্ঞতা



বর্তমানের সারা বিশ্বের আতংকের আরেক নাম করোনা। একথা আমি, আপনি সবাই জানি। এ ভাইরাস শিশু থেকে বৃদ্ধ পর্যন্ত যেকোনো মানুষের হতে পারে। বিভিন্ন পত্রপত্রিকা, সামাজিক যোগাযোগ মাধ্যমে এবং মিডিয়ার খবরে আজ বিশ্বের সবাই আতঙ্কিত। সোহাইন ফ্লু, সার্চ, ইবোলা এবং করোনার ভাইরাসের মধ্যে বর্তমানে করোনার ভয়াবহতা মারাত্মক। কারণ অন্য ভাইরাস নিয়ন্ত্রণে আসলেও বর্তমানে মরণঘাতী, অপ্রতিরুদ্ধ করোনা ভাইরাসকে মোটেই নিয়ন্ত্রণ করা যাচ্ছেনা। এর কোনও ঔষধ বা টিকা এখনো আবিস্কৃত হয়নি। প্রতিদিনই নতুন নতুন মানুষ এ ভাইরাসের করালগ্রাসে আক্রান্ত হচ্ছে। মহামারির মতো ভয়াবহ আকার ধারণ করছে বাংলাদেশে। বর্তমানে বাংলাদেশের সাথে আক্রান্ত দেশসমূহের ফ্লাইট বন্ধ করে দেওয়া হয়েছে। পুরো বাংলাদেশকে নিরাপদ রাখার জন্য বর্তমানে লকডাউন ঘোষণা করা হয়েছে।

প্রতিদিনই আমরা ঘরে বসে সামাজিক যোগাযোগ মাধ্যমে সুন্দর সুন্দর কमेंট দিচ্ছি, একই সচেতনতা বার বার নতুন করে পেস্ট করছি, মহা মনীষীর ভালো ভালো কথা শুনাচ্ছি, আধ্যাত্মিক কথাবার্তা বলছি। কিন্তু একবারও কি ভাবছি আমরা সবাই ঘরে বসে থাকলে কারা এই মহা দুর্ঘ্যোগের সময় মাঠে থাকবেন। কারা সামলাবেন বা নিয়ন্ত্রণ করবেন করোনার মতো এই মহাদুর্ঘ্যোগ। নিশ্চয়ই বুঝতে পারছেন কার কথা বলছি? এর আর কেহই নন, এরা আমাদের মহান সেবক। সুখে নন, বেশির ভাগ দুখের সময়ই এরা আমাদের পাশে থাকেন। এরা দিন রাত আমাদের সেবা করে সুস্থ করে তোলেন। সেবার মহান ব্রত নিয়ে তারা কাজ করে যাচ্ছেন। তারা মহান চিকিৎসক এবং চিকিৎসাকর্মী। তাদের কাজই হচ্ছে সবার সুস্থতা। আজ আমরা সবাই ঘরে বসে, আর সারা বিশ্বের সকল মহান ডাক্তাররা এবং স্বাস্থ্যকর্মীরা নিজের বিপদের কথা না ভেবে দিন রাত সেবা দিয়ে যাচ্ছেন। অনেক দেশে

আবার চিকিৎসক এবং চিকিৎসা কর্মী সেবা করতে গিয়ে আক্রান্ত হয়েছেন। আবার কিছু চিকিৎসক ভয়ে চিকিৎসা করতে চান না। তবে এসব একেবারে নগন্য। ডাক্তাররা যথাসাধ্য চেষ্টা করে যাচ্ছেন বাংলাদেশ থেকে **COVID 19** নামক ভারাসের অস্তিত্ব কীভাবে নিশ্চিত করা যায়।

তাদের পাশে নতুনভাবে যোগ দিয়েছেন সারা বাংলাদেশের জেলা ও উপজেলার প্রশাসন এবং বিভিন্ন সংকট মোকাবেলায় অপ্রতিরুদ্ধ বাংলার বীর সন্তান সেনাবাহিনী। নিরলসভাবে কাজ করে যাচ্ছেন বাংলাদেশকে রক্ষা করার জন্য। তারা সরকারের দেওয়া নির্দেশ এবং সচেতনতার নিয়মাবলী পালন করতে জনগণকে উৎসাহিত করছেন। কোনও প্রকার জনসমাগম কাউকে করতে দিচ্ছেন না। নির্ধারিত দূরত্ব বজায় রেখে চলতে সাহায্য করছেন। সব জায়গায় পরিষ্কার পরিচ্ছন্নতার উপর জোর দিচ্ছেন। বিদেশ ফেরত এবং করোনা আক্রান্ত ব্যক্তিদের সেলফ কোয়ারেন্টাইন এবং আইসোলোসনে থেকে চিকিৎসা করানোর জন্য জোর দিচ্ছেন। দেশের মানুষকে নিরাপদ রাখার জন্য বিনা প্রয়োজনে কাউকে ঘর থেকে বের হতে দিচ্ছেন না। কাঁচা বাজার এবং ঔষধের দোকান ছাড়া সকল দোকান এবং প্রতিষ্ঠান বন্ধ করতে সাহায্য করছেন। সব জায়গায় সচেতনতার সম্পর্কিত মাইকিং এবং লিফলেট বিতরণ করছেন। জাতির এই চরম বিপদে এবং ক্রান্তিলগ্নে নিরলস ভাবে কাজ করে যাচ্ছেন, চরম ধৈর্যের পরিচয় দিচ্ছেন। তাদের নিরাপত্তার কথা আমাদের ভাবতে হবে।

একটু চিন্তা করে দেখুন, ওরাও তো রক্ত, মাংশে গড়া মানুষ। আছে সুখ দুঃখের অনুভূতি। তাদেরও আছে পরিবার, সংসার, আত্মীয়, মা, বাবা, ভাই, বোন, ছেলে, মেয়ে, আছে কাছের মানুষ। অনেক পরিবারের একমাত্র উপার্জনশীল ব্যক্তিই হলো সেই মহান মানুষটি। তাদের ও তো ভয় আছে, শংখা আছে। যদি এই মানুষটির কোনো বিপদ হয় তাহলে এই পরিবারটি কোথায় গিয়ে দাঁড়াবে? কিন্তু তারা জানেন এই পেশাটি অনেক বড়। শিক্ষকতার মতো মহান পেশার পরই আসে ডাক্তারদের এই মহানপেশা, প্রশাসনের দায়িত্ববোধ আর আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী মহান পেশা।

সর্বশেষে বলব বাংলাদেশের এই বিপদে মহান পেশার মানুষগুলো নিরলসভাবে কাজ করে যাচ্ছেন। সত্যিই তারা মহান। কারণ তারাই দেশের মানুষকে সুরক্ষার মূল কাজ করছেন। সকল ভেদাভেদ, হিংসা, নিন্দা ভুলে, আমরা নিরাপদ থেকে সচেতন হয়ে, নিজ নিজ অবস্থান থেকে সবাইকে সচেতন করি এবং এ রোগে আক্রান্তদের যথাসাধ্য অর্থনৈতিক দিক দিয়ে সাহায্য করে প্রিয় দেশকে রক্ষা করি। সর্বোপরি মহান সৃষ্টিকর্তার কাছে প্রার্থনা করি আমাদের এ কাজের জন্য অশেষ শারীরিক ও মানসিক শক্তি যেন বজায় থাকে সব সময়। কিন্তু আমরা সবাই যদি আমাদের সুরক্ষার কথা চিন্তা করে শ্রেষ্ঠ সন্তানদের পর্যাপ্ত সাহায্য ও সহযোগিতা করি এবং সুরক্ষার সকল নিয়ম মানি তাহলেই এক সময় এই মরণ ভাইরাস বাংলাদেশ থেকে বিদায় নিবে। আমরাও স্বাভাবিক অবস্থায় ফিরে যাব। দেশের এই কঠিন সময়ে যারা সকল বিপদকে উপেক্ষা করে দেশের মানুষকে সর্বোচ্চ সেবা দিয়ে যাচ্ছেন এবং সচেতন করছেন তাদের জানাই অন্তরের অন্তঃস্থল থেকে ধন্যবাদ ও কৃতজ্ঞতা। তাদের নিরাপদ জীবন ও সুস্বাস্থ্য কামনা করি।

বাংলাদেশ ভালো থাকুক এই কামনায় - দুলাল হালদার

সদ্য নিযুক্ত জেলা এম্বাসেডর, সুনামগঞ্জ।

সহকারি শিক্ষক

কুমনা সরকারি প্রাথমিক বিদ্যালয়

ছাতক, সুনামগঞ্জ।

মোবাইলঃ ০১৭২৫৭২৫১০৭

Email:dhalder785@gmail.com



